DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:04 PM

আন্তর্জাতিক

# রুশ জাহাজ জব্দ করলে পালটা জবাবের হুঁশিয়ারি পুতিনের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ১২ আগস্ট ২০২৬, ০৬:৩৪ PM




সংগৃহীত ছবি

রাশিয়ার বাণিজ্যিক জাহাজ জব্দ করা হলে মস্কো পালটা ব্যবস্থা নেবে বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। বুধবার (১২ আগস্ট) তিনি বলেছেন, রুশ জাহাজ জব্দের যেকোনো ঘটনায় রাশিয়া সমানভাবে পাল্টা জবাব দেবে।

পুতিন বলেন, রাশিয়ার প্রতিক্রিয়া শুধু যে এলাকায় রুশ জাহাজ জব্দ করা হবে, সেখানেই সীমাবদ্ধ থাকবে না। প্রয়োজন ও পরিস্থিতি বিবেচনায় মস্কো যেকোনো জায়গায় পালটা ব্যবস্থা নিতে পারে। এমনকি প্রশান্ত মহাসাগরীয় নৌবহরের দায়িত্বাধীন এলাকাতেও রুশ পদক্ষেপ নেওয়া হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন তিনি।

রুশ নাবিকদের নিরাপত্তার বিষয়েও বিশেষ নজর দেওয়ার নির্দেশ দিয়েছেন পুতিন। তিনি জানান, এ বিষয়ে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় ও প্রশান্ত মহাসাগরীয় নৌবহরের কমান্ডকে ইতোমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। একই সঙ্গে সম্ভাব্য পদক্ষেপ নিয়ে তাদের কাছ

থেকে প্রস্তাব চাওয়া হয়েছে।

ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে রাশিয়ার কথিত □শ্যাডো ফ্লিট□-এর বিরুদ্ধে ইউরোপীয় দেশগুলোর চাপ এবং রুশ জাহাজ আটকের ঘটনা বাড়ার মধ্যেই পুতিনের এই সতর্কবার্তা এলো।

তবে পুতিনের বক্তব্যের বিষয়ে এখন পর্যন্ত কোনো পশ্চিমা দেশের পক্ষ থেকে তাৎক্ষণিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

এদিকে রুশ প্রেসিডেন্ট একই সঙ্গে বলেছেন, জাতীয় নিরাপত্তা জোরদারের পাশাপাশি প্রতিবেশী ও বন্ধুত্বপূর্ণ দেশগুলোর সঙ্গে পারস্পরিক স্বার্থের প্রতি সম্মান দেখিয়ে সমঝোতায় পৌঁছাতেও মস্কো প্রস্তুত।

বিশ্লেষকদের মতে, রুশ জাহাজ আটকের ঘটনাকে কেন্দ্র করে মস্কো ও পশ্চিমা দেশগুলোর মধ্যে উত্তেজনা আরও বাড়তে পারে। বিশেষ করে ইউক্রেন যুদ্ধের প্রেক্ষাপটে সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ চলাচল ঘিরে নতুন করে সংঘাতের আশঙ্কা তৈরি হচ্ছে।


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



**হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প**

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



**ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট**

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/rush-jahaj-jbd-krle-palta-jbaber-hunshiyari-putiner